62

দৈনিক ইনকিলাব

তারিখ 05 JUL 1987

পৃষ্ঠা ... ১ কলাম ... ১

# জগন্নাথপুরে শিক্ষকনিয়োগে দুর্নীতিও কারচুপির অভিযোগ

সুনামগঞ্জ, ৪ জুলাই (সংবাদদাতা)।— প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা নিয়োগে এ জেলার জগন্নাথপুরে ব্যাপক দুর্নীতি, কারচুপি ও স্বজনপ্রীতির অভিযোগ পাওয়া গেছে।

উপজেলা পরিষদ সূত্রে প্রকাশ, গত ৩ জুন '৮৭-র নিয়োগ বিজ্ঞপ্তিতে অনুষ্ঠিত ৬৭ জন শিক্ষক-শিক্ষিকার শূন্যপদসমূহ পূরণের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল বিবরণীতে শিক্ষক নিয়োগ ও পদোন্নতি কমিটির দুর্নীতি, স্বজনপ্রীতিতে পদপ্রার্থীগণ দুর্ভোগে পড়েছেন।

পদপ্রার্থীগণের অভিযোগে উল্লেখ, উপজেলাভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তিঅনুযায়ী ১৪ জন প্রধান শিক্ষক ও ৩৩ জন সহকারী শিক্ষিকা নেয়ার নির্দেশ থাকলেও প্রধান শিক্ষক পদে ২ জন ও সহকারী শিক্ষক-শিক্ষিকা পদে ২৪ জনসহ মোট ২৮ জন দিয়ে একটি প্যানেল তৈরী করে নিয়োগদান করা হয়। বাকী ২১ জন প্রধান ও সহকারী শিক্ষক-শিক্ষিকার পদ শূন্য থাকার কারণ অজ্ঞাত থাকে।

এদিকে, পদপ্রার্থীদের লিখিত অভিযোগে আরো প্রকাশ যে, অতি উত্তম, উত্তম ও মধ্যম হিসেবে মৌখিক পরীক্ষার ফলাফল এবং লিখিত পরীক্ষার ফলাফলে ব্যাপক স্বজনপ্রীতি পরিলক্ষিত হয়।